


জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, পাস ৮০.৩৬ শতাংশ

নিজস্ব প্রতিবেদক



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত
২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম
বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।
এবারের ভর্তি পরীক্ষায় পাসের হার ৮০.৩৬
শতাংশ।

রবিবার (৩ মে) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-
চ্যান্সেলর প্রফেসর এ এস এম আমানুল্লাহ এ
ফল প্রকাশ করেন। ভর্তি পরীক্ষার এক সপ্তাহের
মধ্যে এই ফল প্রকাশ করা হলো।

এবার ভর্তি পরীক্ষায় অংশ নেয় ৪ লাখ ৫৩
হাজার ১৪৮ জন শিক্ষার্থী। এর মধ্যে পাস

করেছে ৩ লাখ ৬৪ হাজার ১৩৫ জন।

ভর্তি পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে প্রথম মেধা তালিকায় স্থান পেয়েছে ২ লাখ ২৯ হাজার ৭৬৫ জন। প্রথম মেধা তালিকায় মানবিক বিভাগের শিক্ষার্থী ১ লাখ ১৩ হাজার ৩৯৪ জন, বিজ্ঞান বিভাগের ৬৫ হাজার ৩৩৭ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগের রয়েছে ৫১ হাজার ৩৪ জন।

এসএমএসের মাধ্যমে ফল পেতে

nu<space>athn<space>Application ID টাইপ

করে 16222 নম্বরে send করতে হবে। অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক

ওয়েবসাইটের Honour's Tab এ গিয়ে

Admission Test Result অপশনে যেতে হবে। এ

ছাড়া ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয়

বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.nu.ac.bd/admissions)-এর Prospectus

(Honours)/Important Notice অপশন থেকে

পাওয়া যাবে।

ফল প্রকাশের সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো

ভাইস-চ্যান্সেলর প্রফেসর লুৎফর রহমান ও

ট্রেজারার প্রফেসর এ টি এম জাফরুল আযম

এবং বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা
নিয়ন্ত্রক, বিভিন্ন বিভাগের প্রধান, শিক্ষক এবং
কর্মকর্তারা উপস্থিত ছিলেন।